# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**05-05-2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবর –

১/ পশ্চিমবঙ্গে পালাবদল। ২০৬ টি আসনে জিতে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে প্রথমবারের জন্য রাজ্যের মসনদে বিজেপি।

২/ তিন অঙ্ক ছুঁতে পারল না তৃণমূল কংগ্রেস। হাড্ডাহাড্ডি লড়াইয়ের পর ভবানীপুরে ধরাশায়ী মমতা ব্যানার্জী। ১৫ হাজারেরও বেশি ভোটে জয় বিজেপির শুভেন্দু অধিকারীর।

৩/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্যের দলীয় কর্মীদের শুভেচ্ছা জানিয়ে বলেছেন, জনসাধারণের আশা-আকাঙ্খা পূরণে নতুন সরকার সব রকমের প্রয়াস করবে।

৪/ ভোট পরবর্তী হিংসা রুখতে নির্বাচন কমিশন কড়া নজর রাখবে। আরও ৬ মাস রাজ্যে থাকবে কেন্দ্রীয় বাহিনী, জানালেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল।

৫/ আই এস এল ফুটবলে আজ ইস্টবেঙ্গল, মুম্বই সিটি এফ সি-র মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে পালাবদল। বিধানসভা নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে প্রথমবারের জন্য রাজ্যের ক্ষমতায় আসছে বিজেপি। টানা ১৫ বছর ক্ষমতায় থাকার পর তৃণমূল কংগ্রেসের এই পরাজয়ে রাজ্য রাজনীতি এক নতুন মোড় নেবে বলে মনে করছে সংশ্লিষ্ট মহল।

রাজ্য বিধানসভার ২৯৪ টি আসনের মধ্যে ২৯২ টি আসনেরই ভোট গণনা শেষ হয়েছে। আগেই জানানো হয়েছে, নির্বাচন কমিশনের নির্দেশে দক্ষিণ ২৪ পরগণার ফলতা বিধানসভায় পুনর্নির্বাচন হবে আগামী ২১শে মে। ওই আসনে ভোটগণনা ২৪শে মে। এদিকে, ২৯৩ টি আসনে গতকাল

সকাল ৮ টায় শুরু হয়ে বেশ রাত অবধি চলে গণনা। সর্বশেষ পরিসংখ্যান অনুযায়ী, ২০৬টি আসনে জয়লাভ করেছে বিজেপি। ৮০ টি আসনে জিতেছে তৃণমূল কংগ্রেস; একটি আসনে এখনও এগিয়ে রয়েছে তারা। কংগ্রেস ও আম জনতা উন্নয়ন পার্টি ২ টি ক'রে আসনে জিতেছে। একটি ক'রে আসনে জয় পেয়েছে সি পি আই এম এবং আই এস এফ।

কলকাতার সবচেয়ে নজরকাড়া কেন্দ্র ভবানীপুরে তৃণমূল কংগ্রেস প্রধান তথা রাজ্যের বিদায়ী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে জোরদার লড়াইয়ের পর হারিয়ে জয়ী হয়েছেন বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারী। ১৫ হাজার ১১৪ ভোটে জয়লাভ করেন তিনি।

জয়ের সার্টিফিকেট হাতে পেয়ে শুভেন্দু একে মানুষের জয় হিসাবে অভিহিত করেন।

বাইট - শুভেন্দু

অন্যদিকে এই ফলাফলকে অনৈতিক বলে দাবি করেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী।

বাইট - মমতা

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে নিকটতম প্রতিদ্বন্দ্বী, তৃণমূল কংগ্রেসের পবিত্র করকে ৯ হাজার ৬৬৫ ভোটে হারিয়ে জয়ী হয়েছেন শুভেন্দু।

দার্জিলিং, কালিম্পঙ, জলপাইগুড়িতে, আলিপুরদুয়ার, কোচবিহার, ঝাড়গ্রাম, পূর্ব মেদিনীপুর, পুরুলিয়া এবং বাঁকুড়ার সবকটি আসনে জয় পেয়েছে বিজেপি। মুর্শিদাবাদের রেজিনগর ও নওদা কেন্দ্রে আম জনতা উন্নয়ন পার্টির হুমায়ূন কবীর জয়ী হয়েছেন। ফারাক্কা ও রানিনগরে জয়ী হয়েছেন কংগ্রেস প্রার্থীরা।

মুর্শিদাবাদের ডোমকল কেন্দ্রে জয়ী হয়েছেন CPIM প্রার্থী মুস্তাফিজুর রহমান। দক্ষিণ ২৪ পরগণার ভাঙরে ফের জয়ী হয়েছেন ISF প্রার্থী নওশাদ সিদ্দিকি।

বিজেপির উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে পশ্চিম বর্ধমান জেলার আসানসোল দক্ষিণ কেন্দ্রে অগ্নিমিত্রা পাল জয়ী হয়েছেন। পূর্ব বর্ধমানের ভাতার কেন্দ্রে জয়ী সৌমেন কারফা। উত্তর ২৪ পরগণার পানিহাটি কেন্দ্রে জয়ী বিজেপি প্রার্থী, রত্না দেবনাথ। কোচবিহারের মাথাভাঙ্গায় বিজেপি প্রার্থী নিশীথ প্রামাণিক জয়ী হয়েছেন। শিলিগুড়িতে জয়ী শঙ্কর ঘোষ। এগরায় জয় পেয়েছেন দিব্যেন্দু অধিকারী। ময়না কেন্দ্রে জয়ী হয়েছেন অশোক দিন্দা। শ্যামপুরে জয় পেয়েছেন হিরণ চট্টোপাধ্যায়। কলকাতার শ্যামপুকুর বিধানসভা আসনে তৃণমূল কংগ্রেসের মন্ত্রী শশী পাঁজাকে পরাজিত করেছেন বিজেপির পূর্ণিমা চক্রবর্তী। জোড়াসাকোয় ঐ দলেরই বিজয় ওঝা, মানিকতলায় তাপস রায় ও কাশীপুর-বেলগাছিয়ায় রিতেশ তিওয়ারি জয়লাভ করেছেন।

কলকাতার বেলেঘাটা আসনে তৃণমূল কংগ্রেসের কুনাল ঘোষ, চৌরঙ্গীতে নয়না ব্যানার্জী, কলকাতা বন্দরে ফিরহাদ হাকিম, বালিগঞ্জ আসনে শোভনদেব চট্টোপাধ্যায় জয়ী হয়েছেন।

উত্তর ২৪ পরগণার ৩৩ টি আসনের মধ্যে বিজেপি ২৩ টিতে জয়লাভ করেছে। তৃণমূল কংগ্রেস জয়ী ৯ টি আসনে। রাজারহাট-নিউটাউন কেন্দ্রে এখনও এগিয়ে তারা। ফল ঘোষণা করা হয়নি এখনও পর্যন্ত।

ব্যারাকপুর বিধানসভা কেন্দ্রে বিজেপির কৌস্তভ বাগচী ১৬ হাজারেও বেশি ভোটে বর্তমান বিধায়ক তৃণমূল কংগ্রেসের রাজ চক্রবর্তীকে হারিয়ে দিয়েছেন। নোয়াপাড়ায় অর্জুন সিং, ভাটপাড়ায় তার পুত্র পবন কুমার সিং, নৈহাটিতে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের পরিবারের সদস্য সুমিত্র চ্যাটার্জী এবং হিঙ্গলগঞ্জে বিজেপির রেখা পাত্র জয়লাভ করেছেন। উত্তর দমদম বিধানসভায় তৃণমূল কংগ্রেসের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যকে হারিয়ে বিজেপি প্রার্থী সৌরভ সিকদার জয়লাভ করেছেন। হাবরা আসনে পরাজিত হয়েছেন তৃণমূল কংগ্রেসের নেতা জ্যোতিপ্রিয় মল্লিক। তাঁকে হারিয়েছেন বিজেপির দেবদাস মন্ডল।

দেগঙ্গা, বাদুরিয়া, মিনাখা এবং বসিরহাট দক্ষিণে তৃণমূল কংগ্রেস প্রার্থীরা জয়ী হয়েছেন। কামারহাটিতে জয়ী হয়েছেন মদন মিত্র।

দক্ষিণ ২৪ পরগণায় তৃণমূল কংগ্রেস ১৯ টি এবং বিজেপি ১০ টি আসনে জয়ী। মেটিয়াবুরুজে তৃণমূল কংগ্রেসের আব্দুল খালেক মোল্লা, এবং কসবা আসনে ঐ দলেরই জাভেদ আহমেদ খান জয়লাভ করেছেন। টালিগঞ্জে পরাজিত হয়েছেন অরূপ বিশ্বাস।

নদীয়ার ১৪ টি আসনের মধ্যে বিজেপি ১১ টিতে জয় পেয়েছে। তৃণমূল কংগ্রেস জয়ী তিনটি আসনে।

হাওড়ার শিবপুরে জয়ী হয়েছেন বিজেপির রুদ্রনীল ঘোষ।

জেলার সাঁকরাইলে তৃণমূল কংগ্রেসের প্রিয়া পাল ১০ হাজারেরও বেশি ভোটে জয়ী হয়েছেন। পাঁচলায় তৃণমূল কংগ্রেসের গুলশন মল্লিক জয়লাভ করেছেন।

হুগলির ১৮ টি আসনের মধ্যে ১৫ টিতে বিজেপি জয়ী। তৃণমূল কংগ্রেস জয়ী তিনটিতে। বলাগড়ে বিজেপি প্রার্থী সুমনা সরকার জয়লাভ করেছেন। গোঘাটে ঐ দলেরই প্রশান্ত দিগড় জয়ী হয়েছেন। উত্তরপাড়া আসনে বিজেপি প্রার্থী দীপাঞ্জন চক্রবর্তী জয়লাভ করেছেন।

পূর্ব বর্ধমানের ১৬ টির মধ্যে ১৪ টি আসন তৃণমূল কংগ্রেসের কাছ থেকে ছিনিয়ে নিয়েছে বিজেপি। খন্ডঘোষ এবং বর্ধমান উত্তর বিধানসভা আসনে তৃণমূল কংগ্রেস জয়ী হয়েছে।

বীরভূমের ১১ টি আসনের আসনের মধ্যে বিজেপি ৬ টি এবং তৃণমূল কংগ্রেস প্রার্থীরা পাঁচটিতে জয়ী হয়েছেন। রামপুরহাটের পাঁচবারের বিধায়ক আশিস বন্দ্যোপাধ্যায় পরাজিত। বোলপুর আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী চন্দ্রনাথ সিংহ জয়ী হয়েছেন।

ঝাড়গ্রামে ৩৮ হাজারেরও বেশি ভোটে জয়ী বিজেপির লক্ষ্মীকান্ত সাউ। জেলার নয়াগ্রামে জয়ী দলেরই অমিয়া কিস্কু।

কোচবিহারের ৯ টি বিধানসভা আসনের মধ্যে ৮টিতে বিজেপি এবং একটিতে তৃণমূল কংগ্রেস জয়লাভ করেছে।

উত্তর দিনাজপুরের বিজেপির হেমতাবাদে হরিপদ বর্মন এবং দক্ষিণ দিনাজপুরের তপনে বুদরাই টুডু জিতেছেন। জেলার ইটাহারে তৃণমূল কংগ্রেসের মোসারাফ হোসেন জয়ী হয়েছেন।

মালদার হাবিবপুরে জয়লাভ করেছেন বিজেপির জোয়েল মুর্মু। মানিকচকে ঐ দলের গৌরচন্দ্র মন্ডল এবং গাজোলে চিন্ময় দেব বর্মন জয়ী হয়েছেন। জেলার সুজাপুরে তৃণমূল কংগ্রেসের সাবিনা ইয়াসমিন জয়ী হয়েছেন। তিনি ৬০ হাজারেরও বেশি ভোটে হারিয়েছেন কংগ্রেসের আব্দুল হন্নানকে।

জেলার মোথাবাড়িতে তৃণমূল কংগ্রেসের ইসলাম মহম্মদ নজরুল ১০ হাজারেরও বেশি ভোটে জিতেছেন। রতুয়ায় ঐ দলের সমর মুখার্জী এবং মালতিপুরে আব্দুল রহিম বক্সী জয়লাভ করেছেন। চাঁচোলে জয়ী তৃণমূল কংগ্রেসের প্রসূন ব্যানার্জী।

মুর্শিদাবাদ আসনে জয়লাভ করেছেন বিজেপির গৌরীশঙ্কর ঘোষ। জেলার বড়ঞায় বিজেপির সুখেন কুমার বাগদি ২২ হাজার ৩০০ ভোটের ব্যবধানে তৃণমূল কংগ্রেসের প্রতিমা রজককে পরাজিত করেছেন। কান্দি ও বেলডাঙ্গায় বিজেপি প্রার্থীরা জয়ী হয়েছেন। বহরমপুরে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরীকে হারিয়ে জয়লাভ করেছেন বিজেপির সুব্রত মৈত্র।

জেলার ভগবানগোলায় জয়ী হয়েছেন তৃণমূল কংগ্রেসের রেয়াত হোসেন সরকার। তিনি হারিয়েছেন সিপিআইএম-এর মহমুদাল হাসানকে ৫৬ হাজারেরও বেশি ভোটে। জেলার সামশেরগঞ্জে মহম্মদ নূর আলম, ভরতপুরে মুস্তাফিজুর রহমান জয়লাভ করেছেন।

উল্লেখ্য, গত মাসের ২৩ ও ২৯ তারিখে দু'দফায় পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচন অনুষ্ঠিত হয়। কমিশনের নির্দেশে, দক্ষিণ ২৪ পরগণার মগরাহাট পশ্চিমের ১১ টি বুথ এবং ডায়মন্ড হারবারের ৪ টি বুথে পুনরায় ভোট নেওয়া হয় গত দোসরা মে। রাজ্যে সরকার গড়তে হলে যে কোনো দলকে ১৪৮ টি আসনে জিততে হত। এবারে পশ্চিমবঙ্গে অভূতপূর্বভাবে ৯২ দশমিক ৪/৭ শতাংশ ভোট পড়েছে, যা স্বাধীনতার পর সর্বোচ্চ।

রাজ্য বিধানসভার নির্বাচনে দুই দফায় আড়াই লক্ষেরও বেশি কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী রাজ্যের বিভিন্ন জেলায় মোতায়েন করা হয়েছিল। এছাড়াও, রাজ্য পুলিশের কর্মীরাও অবাধ নির্বাচন সুনিশ্চিত করতে তাঁদের সহায়তা করেছেন।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দলের অগণিত কর্মীর দশকের পর দশক ধরে কঠোর পরিশ্রম এবং লড়াই ছাড়া পশ্চিমবঙ্গে বিজেপি-র এই বিপুল জয় সম্ভব ছিল না। নতুন দিল্লিতে গতকাল দলের সদর দফতরে দলীয় কর্মীদের উদ্দেশ্যে ভাষণে তিনি রাজ্যের সকলকে কুর্নিশ জানান। এই কার্যকর্তারাই রাজ্যে বিভিন্ন প্রান্তে সরকারের উন্নয়নমূলক প্রকল্প ছড়িয়ে দিয়েছেন বলে তিনি উল্লেখ করেন। শ্রী মোদী বলেন, এবারের বিধানসভা নির্বাচনে বিজেপি-র সুশাসনের রাজনীতির জয় হয়েছে। জনসাধারণের আশা-আকাঙ্খা পুরণে নতুন সরকার সম্ভাব্য সব ধরনের প্রয়াস করবে বলেও প্রধানমন্ত্রী জানিয়েছেন।

বাইট – প্রধানমন্ত্রী

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ এরাজ্যের সাধারণ মানুষকে প্রণাম জানিয়ে বলেছেন, এই জয় ভয়, তোষণ এবং অনুপ্রবেশকারীদের আশ্রয়দাতাদের বিরুদ্ধে মানুষের যোগ্য জবাব।

বিজেপি-র সর্ব ভারতীয় সভাপতি নীতিন নবীন রাজ্যের মানুষকে বিপুল জয়ের জন্য অভিনন্দন জানিয়েছেন।

রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, পশ্চিমবঙ্গবাসীর কাছে রাজনৈতিক সংস্কৃতির পরিবর্তনের সুযোগ এসেছে। তিনি মানুষকে হিংসায় না জড়ানোর জন্য আবেদন জানান।

রাজ্যে পরিবর্তনের জন্য বিজেপি মানুষকে ধন্যবাদ জানিয়েছে। আকাশবাণীকে দেওয়া একান্ত সাক্ষাৎকারে গতকাল এরাজ্যের বিজেপি-র প্রধান মুখপাত্র দেবজিৎ সরকার বলেন, পশ্চিমবঙ্গের মানুষ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দৃষ্টিভঙ্গীকে গ্রহণ করেছে।

বাইট – দেবজিৎ

তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছেন, মানুষের রায় তারা মাথা পেতে নেবে।

তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী বিজেপি-র ক্ষমতায় আসার পথ প্রশস্ত করেছেন বলে সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী মন্তব্য করেছেন।

কংগ্রেস মানুষের রায় মাথা পেতে নিচ্ছে বলে দলের এরাজ্যের মুখপাত্র সৌম্য আইচ রায় মন্তব্য করেছেন।

ooooooooooooooooo

ভোট পরবর্তী হিংসা রুখতে নির্বাচন কমিশন কড়া পদক্ষেপ নেবে । দক্ষিণ ২৪ পরগনার ফলতার পুনর্নির্বাচনেও বিশেষ নজর থাকবে। ভবিষ্যতে রাজ্যে এক দফায় ভোটগ্রহণ করানো হবে বলেও কমিশন নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত জানিয়েছেন।

এদিকে, মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগারওয়াল জানিয়েছেন, রাজ্যে আগামী ৬ মাস, সাত কোম্পানী কেন্দ্রীয় বাহিনী থাকবে। তিনি বলেছেন, বাংলার মানুষ হিংসা পছন্দ করে না। তাই হিংসাকে কোনোমতেই বরদাস্ত করবেনা নির্বাচন কমিশন।

oooooooooooooooo

সাংবাদিক শিপ্রা সেন সাহা প্রয়াত। দীর্ঘদিন আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সঙ্গে যুক্ত ছিলেন তিনি। দিন কয়েক ধরে তিনি ইনফ্লুয়েঞ্জায় ভুগছিলেন তিনি ।

গতকাল দক্ষিণ কলকাতার একটি বেসরকারি হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

ooooooooooooooooo

ISL ফুটবলে আজ ইস্টবেঙ্গল মুম্বই সিটি এফ সি র মুখোমুখি হবে। মুম্বইয়ের ফুটবল এরিনায় খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

উল্লেখ্য, দশ ম্যাচে ১৯ পয়েন্ট নিয়ে মুম্বই চতুর্থ স্থানে এবং ৯ ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে ইস্টবেঙ্গল লীগ তালিকার পঞ্চম স্থানে রয়েছে।

OOOOOOOOOOOOOOOO
OOOOOOOOOOOOOOOOO